

## মিঃ নিকোলাস গমেজ



(প্রাক্তন চেয়ারম্যান)

মিঃ নিকোলাস গমেজ মাল্লা গ্রামে জন্ম গ্রহণ করেন। ২৪/৭/১৯৬৬ খ্রীষ্টাব্দে সমিতির সদস্যপদ গ্রহণ করেন, তার সদস্য নং - ৩৫৯। ১৯৭৬ সালে পর্যবেক্ষণ পরিষদের সদস্য হিসেবে সমিতিতে পদার্পন। ১৯৮৭-১৯৮৯ ও ১৯৮৯-১৯৯১ খ্রীষ্টাব্দ দুই মেয়াদে দক্ষ্যতার সহিত সমিতির চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। ১৯৯১-১৯৯২ ও ১৯৯২-১৯৯৩ মেয়াদে পর্যবেক্ষণ পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন।

## প্রয়াত বেঞ্জামিন ডি' ক্রুশ



(প্রাক্তন চেয়ারম্যান)

প্রয়াত বেঞ্জামিন ডি' ক্রুশ মঠবাড়ী গ্রামে জন্ম গ্রহণ করেন। ৫/৮/১৯৬২ খ্রীষ্টাব্দে সমিতির সদস্যপদ গ্রহণ করেন, সদস্য নং - ১৯৬৯ সালে পর্যবেক্ষণ পরিষদের সেক্রেটারী ছিলেন। ১৯৭২ সালে পর্যবেক্ষণ পরিষদের চেয়ারম্যান হিসাবে দায়িত্বে ছিলেন। ১৯৭৯ ও ১৯৮৪ সালে ঋণদান পরিষদের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৮৪-১৯৮৮ পর্যন্ত ঋণদান পরিষদের সেক্রেটারীর দায়িত্বে ছিলেন। ১৯৮৮-১৯৯১ মেয়াদে আবারও ঋণদান পরিষদের চেয়ারম্যান হিসাবে মেয়াদ পূর্ণ করেন। ১৯৯১-২০০০ পর্যন্ত দীর্ঘ ৯ বছর পর পর ৩ মেয়াদে সমিতির চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। সর্বশেষে ২০০০-২০০৩ মেয়াদে ঋণদান পরিষদের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ঋণদান পরিষদের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালনরত অবস্থায় ১৮ জানুয়ারী ২০০৩ খ্রীষ্টাব্দে পৃথিবীর মায়া ত্যাগ করেন।

## মিঃ খ্রীষ্টফার দেশাই



(বর্তমান চেয়ারম্যান)

সদস্য নং ১৬, গ্রামঃ বাঁশবাড়ী, সদস্যপদ গ্রহণের তারিখ ২৮/২/১৯৮১ খ্রীষ্টাব্দ। প্রথমেই তিনি ১৯৮৯-১৯৯৪ পর্যন্ত পর্যবেক্ষণ পরিষদের সদস্য হিসাবে কাজ করেছেন। ১৯৯৪-১৯৯৭সালে ডিরেক্টর ছিলেন। ১৯৯৪-১৯৯৬ পর্যন্ত ম্যানেজার (কো-অপ্ট) হিসাবে দায়িত্ব পালন করেছেন। ১৯৯৭-২০০০ মেয়াদে ক্রেডিটের সেক্রেটারী হিসাবে কাজ করেছেন। ২০০০-২০০৩ মেয়াদে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেছেন। ২০০৩-২০০৬ সালে পর্যবেক্ষণ পরিষদের চেয়ারম্যান হিসাবেও কাজ করেছেন। বর্তমানে ২০১২-২০১৫ মেয়াদে পুনরায় নির্বাচিত চেয়ারম্যান হিসাবে কাজ করছেন।

## মিঃ চঞ্চল রড্রিক্স



(প্রাক্তন চেয়ারম্যান)

সদস্য নং ১৩৪৬, গ্রামঃ তেঁতুইবাড়ী, সদস্যপদ গ্রহণের তারিখ ২৬/১/১৯৯০ খ্রীষ্টাব্দ। ১৯৯৪-১৯৯৭ মেয়াদে সমিতির কোষাধ্যক্ষ হিসাবে কাজ করেছেন। পরবর্তিতে ১৯৯৭-২০০০ মেয়াদে ডিরেক্টর ছিলেন। ২০০০-২০০৩ মেয়াদে পর্যবেক্ষণ পরিষদের সেক্রেটারী হিসাবে কাজ করেছেন। শেষে ২০০৩-২০০৬ মেয়াদে চেয়ারম্যান ছিলেন।

## মিঃ থিওফিল রোজারিও



(প্রাক্তন চেয়ারম্যান)

মিঃ থিওফিল রোজারিও মিরেরটেক গ্রামে জন্ম গ্রহণ করেন। ১৭/৪/১৯৮৪ খ্রীষ্টাব্দে সমিতির সদস্যপদ গ্রহণ করেন, তার সদস্য নং-১০৮৭। তিনি ২০০৬-২০০৯ ও ২০০৯-২০১২ দুই মেয়াদে ৬ বৎসর দক্ষ্যতার সহিত চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন।

## মিস্ বেনেডিক্টা গমেজ



(প্রাক্তন ভাইস-চেয়ারম্যান)

সদস্য নং ১৬০, গ্রামঃ তেঁতুইবাড়ী, সদস্যপদ গ্রহণের তারিখ ২৬/৪/১৯৬৪ খ্রীষ্টাব্দ। প্রথমেই তিনি ৩১/১২/১৯৬৪ পর্যন্ত সহকারী ম্যানেজার হিসাবে দায়িত্বে ছিলেন। ১৯৬৮ মেয়াদে ভাইস-চেয়ারম্যান ও ঋণদান পরিষদের সদস্য হিসাবে দায়িত্ব পালন করেন। ১৯৬৯ সালে ভাইস-চেয়ারম্যান ও ঋণদান পরিষদের সেক্রেটারী ছিলেন। ১৯৭২ মেয়াদে ঋণদান পরিষদের চেয়ারম্যান ছিলেন। ১৯৭৭ সালে পুনরায় ঋণদান পরিষদের চেয়ারম্যান হিসাবে কাজ করেছেন।